গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রিজন্স হেড কোয়ার্টার্স
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০৩৩.০৩.০২০.২০২৪- ২৭৮

তারিখঃ ১১ পৌষ, ১৪৩১
২৮ ডিসেম্বর ২০২৪

বিষয়ঃ কারা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্তির লক্ষ্যে আবেদন অগ্রগামী করণ প্রসঙ্গে।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারা বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে কারা অধিদপ্তর হতে তাদের আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন প্রকল্প/ফান্ড হতে আর্থিক সহায়তা ও কল্যাণমূলক সুবিধা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও বর্তমানে বিভিন্ন নতুন কল্যাণমূলক সুবিধা বৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এ ধরণের আবেদনপত্র অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর অতীত চাকুরীর ইতিহাস, বর্তমান চাকুরীকালীন আচার-আচরণ ও শৃঙ্খলাবোধ সম্পর্কে পর্যালোচনাপূর্বক কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। এ প্রেক্ষাপটে সকলকে বর্তমান চাকুরীকালীন আচার-আচরণ ভালো করে নিজের দায়িত্বাবলী সততা ও নিষ্ঠার সাথে পালনের জন্য উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।

২৮/১২/২৪
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।
☎- ৫৭৩০০২২২

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

**অনুলিপিঃ**

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

Sercular L